



উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে ভয়াবহ অগ্নিকাণ্ড



সংগৃহীত ছবি

কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্পে আবারও বড় ধরনের আগুনের ঘটনা ঘটেছে। এতে বসতঘর, আসবাবপত্র, মসজিদ, মক্তব ও বিভিন্ন শিক্ষা স্থাপনা পুড়ে গেছে। সোমবার (১৯ জানুয়ারি) গভীর রাতে পালংখালী ইউনিয়নের ১৬ নম্বর শফিউল্লাহ কাটা ক্যাম্পে আগুন লাগে। ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্র জানায়, ডি-৪ ব্লকের একটি লার্নিং সেন্টার থেকে আগুনের সূত্রপাত হয়ে দ্রুত আশপাশের শেড ও ঘরে ছড়িয়ে পড়ে। রাতের আঁধারে হঠাৎ আগুন লাগায় ক্যাম্পজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং বহু মানুষ নিরাপদ স্থানে সরে যায়। উখিয়া ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার ডলার ত্রিপুরা জানান, প্রথমে দুটি ইউনিট কাজ শুরু করে, পরে মোট আটটি ইউনিট প্রায় তিন ঘণ্টা চেষ্টা চালিয়ে ভোরের দিকে আগুন নিয়ন্ত্রণে আনে।

উখিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাত আসমা জানান, অগ্নিকাণ্ডে অন্তত ৪৪৮টি ঘর, ১০টি স্কুল, ২টি মসজিদ ও একটি মক্তব পুড়ে গেছে। তবে এখন পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। ক্ষয়ক্ষতির চূড়ান্ত হিসাব করা হচ্ছে।

এর আগেও চলতি মাসে উখিয়ার বিভিন্ন ক্যাম্পে একাধিকবার আগুনের ঘটনা ঘটেছে, যা উদ্বেগ বাড়িয়েছে।